যুগান্তর

তারিখ 30-JUL-2017
পৃষ্ঠা ৩ কলাম ৬



রাশেদ কবির

পাবনায় যাত্রীবাহী বাস খাদে

# পাবিপ্রবির ডিন রাশেদ কবির নিহত

## খুলনা ও তাহেরপুরে নিহত আরও ৩

**যুগান্তর ডেস্ক**

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) বিজ্ঞান অনুষদের ডিন রাশেদ কবির (৫৫) সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরও ১০ জন। শুক্রবার রাত ১২টার দিকে পাবনা-ঢাকা মহাসড়কের বেড়া উপজেলার চাকলা নামক স্থানে বাস খাদে পড়ে এ হতাহতের ঘটনা ঘটে। খুলনায় বাস ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে কলেজ ছাত্রসহ দু'জন নিহত হয়েছেন। শনিবার সকাল সাড়ে ১০টার দিকে নগর প্রান্তে খুলনা-সাতক্ষীরা, মহাসড়কের রাজবাঁধ নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন— খুলনার হরিণটানা থানার কৈয়া এলাকার শহীদ শেখ আবুল

■ পৃষ্ঠা ৭ : কলাম ৫

## পাবিপ্রবির ডিন রাশেদ কবির

(৩য় পৃষ্ঠার পর)

কাশেম কলেজের এইচএসসি প্রথম বর্ষের ছাত্র অমিত সরকার (১৮) এবং ইজিবাইক চালক রবিউল ইসলাম (২৫)। এ ছাড়া রাজশাহী থেকে বাগমারার তাহেরপুরগামী যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে পুকুরে পড়ে যায়। এতে জহুরুল ইসলাম (৪৫) নামের এক যাত্রী নিহত হন। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**পাবনা :** পাবিপ্রবির প্রক্টর আওয়াল কবির জয় জানান, গণিত বিভাগের সাবেক চেয়ারম্যান ও বিজ্ঞান অনুষদের ডিন সহযোগী অধ্যাপক রাশেদ কবির সাপ্তাহিক ছুটি শেষে ঢাকা থেকে সস্ত্রীক সরকার ট্রাভেলসের শীতাতপ নিয়ন্ত্রিত যাত্রীবাহী বাসে পাবনায় আসছিলেন। রাত ১২টার দিকে বাসটি বেড়া উপজেলার চাকলা ব্রিজ এলাকায় পৌঁছলে চালক নিয়ন্ত্রণ হারালে বাসটি পাশের খাদে পড়ে যায়। এ সময় রাশেদ কবিরসহ আরও ১০ যাত্রী আহত হন।

সাঁথিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু মো. দিলওয়ার হাসান ইনাম জানান, দমকল বাহিনী ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে গিয়ে আহতদের উদ্ধার করে বেড়া হাসপাতালে ভর্তি করেন। সেখানে রাশেদ কবিরকে মৃত ঘোষণা করেন চিকিৎসক। ঘটনার পর পরই পালিয়ে যায় বাসের চালক, সুপারভাইজার ও হেলপার।

দুর্ঘটনার খবর পাওয়ার পরই বেড়া থানায় ছুটে যান বিশ্ববিদ্যালয়ের মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. এম আবদুল আলীম, প্রক্টর আওয়াল কবির জয়সহ অন্য শিক্ষকরা। নিহত রাশেদ কবিরের বাড়ি ঢাকার আরামবাগে। বাবার নাম ইমাম আহমেদ। শনিবার সকালে রাশেদ কবিরের মরদেহ ক্যাম্পাসে পৌঁছলে শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শোকের ছায়া নেমে আসে।

সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ চত্বরে রাশেদ কবিরের জানাজা অনুষ্ঠিত হয়। রাশেদ কবিরের মৃত্যুতে পাবনা-৫ সদর আসনের এমপি ও পাবিপ্রবির রিজেন্ট সদস্য গোলাম ফারুক প্রিন্স, স্কয়ার গ্রুপের পরিচালক ও পাবিপ্রবির রিজেন্ট সদস্য অঞ্জন চৌধুরী পিনটু, পাবিপ্রবির ভিসি অধ্যাপক ড. আল-নকীব চৌধুরী, প্রোভিসি অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতি, বঙ্গবন্ধু পরিষদ শিক্ষক ও কর্মকর্তা ইউনিট, কর্মকর্তা পরিষদ, কর্মচারী পরিষদ শোক প্রকাশ করেছেন। রাশেদ কবিরের লাশ ঢাকার আরামবাগ গোরস্থানে দাফন করা হবে।

**খুলনা :** নিহত কলেজছাত্র অমিত খুলনার ডুমুরিয়া উপজেলার শহীদ স্মৃতি মহিলা কলেজের শিক্ষক অমিয় রঞ্জন সরকারের ছেলে। ডুমুরিয়া উপজেলার গুটুদিয়া এলাকায় সে বাবার সঙ্গে বসবাস করত। হরিণটানা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সরদার মোশারফ হোসেন জানান, খুলনার সোনাডাঙ্গা আন্তঃজেলা বাস টার্মিনাল থেকে যাত্রীবাহী একটি বাস খুলনা থেকে সাতক্ষীরার উদ্দেশে ছেড়ে যায়। বাসটি খুলনা-সাতক্ষীরা মহাসড়কের রাজবাঁধ নামক স্থানে পৌঁছলে কৈয়া বাজারের দিক থেকে আসা একটি যাত্রীবাহী ইজিবাইকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এতে ঘটনাস্থলেই ইজিবাইক চালক মারা যান। গুরুতর আহত কলেজছাত্র অমিতকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়ার পর তার মৃত্যু হয়। স্থানীয়রা জানান, এ ঘটনায় আরও ৩-৪ জন যাত্রী আহত হয়েছেন। তাদের খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**রাজশাহী ও পুঠিয়া :** নিহত জহুরুল বাগমারা উপজেলার ভুবনপুর গ্রামের মুনসুর আলীর ছেলে। এ ঘটনায় গুরুতর আহত হন আরও ১০ যাত্রী। আহতদের স্থানীয় লোকজন উদ্ধার করে পুঠিয়া উপজেলা হাসপাতালে ভর্তি করেছে। শনিবার সন্ধ্যা ৬টার দিকে তাহেরপুর-রাজশাহী সড়কের তাহেরপুর বাজারের কাছে এ দুর্ঘটনা ঘটে। বাগমারা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) আসাদুজ্জামান ঘটনাটি নিশ্চিত করে বলেন, রাজশাহী থেকে নুর ট্রাভেলস নামের একটি যাত্রীবাহী বাস যাত্রী নিয়ে তাহেরপুর বাজারে আসছিল। বাসস্ট্যান্ডে আসার আগমুহূর্তে চালক নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে বাসটি পাশে পুকুরে পড়ে যায়। এতে এক যাত্রী নিহত ও আরও কয়েক যাত্রী আহত হয়েছেন।